দৈনিক
জনকণ্ঠ

তারিখ 28 MAR 2007
পৃষ্ঠা ১২ কলাম ৪

মঞ্জুরি কমিশনের রিপোর্ট পেশ

# পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অপসারণের সুপারিশ

**স্টাফ রিপোর্টার ॥** পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অপসারণ এবং তাঁর দুর্নীতির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার সুপারিশ করে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন গঠিত তদন্ত কমিটি শিক্ষা মন্ত্রণালয়ে মঙ্গলবার রিপোর্ট জমা দিয়েছে বলে জানা গেছে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের লাগামহীন দুর্নীতি, অনিয়ম, স্বেচ্ছাচারিতা ও আত্মীয়করণের অভিযোগ খতিয়ে দেখতে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে এই কমিটি গঠন করা হয়। কমিটির সদস্যরা পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে তদন্ত চালিয়ে সাবেক উপাচার্যসহ বর্তমান উপাচার্য অধ্যাপক আব্দুল লতিফ মাসুমের ব্যাপক আর্থিক অনিয়ম এবং দুর্নীতির খোঁজ পায় বলে জানা যায়। তার বিরুদ্ধে নানা অভিযোগের ভিত্তিতে বিভিন্ন প্রমাণ সংগ্রহ করে এই রিপোর্ট প্রস্তুত করে। রিপোর্টে সাবেক উপাচার্যের বিরুদ্ধেও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে

(১১- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি

(১২-এর পাতার পর)

বলে সূত্র জানিয়েছে।

বিদায়ী জোট সরকারের আমলে দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী নিয়োগ থেকে শুরু করে বিভিন্ন অবকাঠামো খাতে টেন্ডার নিয়ে চরম নৈরাজ্যের অভিযোগ রয়েছে।